

৭ দফা দাবি

শেখুবি শিক্ষার্থীদের বিক্ষোভ ভাঙচুর আগুন: বন্ধ ঘোষণা

সংবাদদাতা, শেখুবি

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল শিক্ষার্থীরা ৭ দফা দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ করলে একাডেমিক কাউন্সিলের জরুরি বৈঠকে বিশ্ববিদ্যালয় বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। একই সঙ্গে বিকেল ৫টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের হলগুলো বালি করে দেয়ার নির্দেশ দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। হল ছেড়ে যাওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের উদ্যোগে মাইকিং করা হলে সন্ধ্যা ৭টার দিকে হল জাগ করে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর রুহুল আমিন সাংবাদিকদের জানান, ছাত্রদের আন্দোলনের ইস্যু নিয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক হাবিব আবু ইব্রাহিম একাডেমিক কাউন্সিলের জরুরি সভা ডাকেন। সভায় বিশ্ববিদ্যালয়

অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত হয়। বিকেল ৫টার মধ্যে ছাত্রদের হল ভাঙের নির্দেশ দেয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গতকাল সকালে রাত দফা দাবিতে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে ব্যাপক ভাঙচুর চালায়। বিক্ষুব্ধ ছাত্ররা জানান, সম্প্রতি বিভিন্ন অজিযোগে বিশ্ববিদ্যালয়ে কয়েকজন ছাত্রকে কর্তৃপক্ষ বহিষ্কার করে। বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা এ বহিষ্কার আদেশ প্রত্যাহার ছাড়াও চলতি সেশনে স্নাতক (সম্মান) পাস সব ছাত্রকে এমএস কোর্সে ভর্তির সুযোগ, একাডেমিক কাউন্সিলে ছাত্র প্রতিনিধি নিয়োগ, পোষা কোটায় ভর্তি সব ছাত্রের ছাত্রত বরতিলসহ ৭ দফা দাবি নিয়ে বিশ্ববিদ্যালয়ের এক দল শিক্ষার্থী ভারপ্রাপ্ত উপাচার্যের কাছে স্মারকলিপি নিয়ে যায়। দীর্ঘ সময় অপেক্ষা করার পরও উপাচার্য তাদের দেখা করার অনুমতি দেননি।

এতে ক্ষিপ্ত ছাত্ররা উপদেষ্টা অধ্যাপক নূরুল ইসলামের কক্ষসহ প্রশাসনিক ভবনের

কয়েকটি কক্ষে আগুন ধরিয়ে দেয়। এ সময় ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কক্ষ থেকে আসবাবপত্র খাইরে এনে আগুন ধরিয়ে দেয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করলে পুলিশের সঙ্গে কয়েক দফা ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। দুপুরের দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এ সময় ছাত্ররা কিছুটা শান্ত হয়ে হলে ফিরে যায়।

বিকেলে বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল উদ্ভূত পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠকে বসে। বৈঠকে বিশ্ববিদ্যালয় বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। এদিকে প্রশাসনের নির্দেশ পাওয়ার পর বিক্ষুব্ধ ছাত্ররা হল জাগ না করার সিদ্ধান্ত নিয়ে ক্যাম্পাসে অবস্থান নেয়। তারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী হল জাগ করবেন না জানিয়ে ২৪ ঘণ্টার মধ্যে প্রত্যাবর্তিত ৭ দফা দাবি বাস্তবায়নের দাবি জানায়। পরে সন্ধ্যা ৭টার দিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ছাত্ররা হল জাগ করে।